গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
unothakurgaon@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪৯৪.০০০.১৫.০০১.২০২২- ৩০৯

তারিখ: ০১ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি, ২০২২ খ্রিঃ

জলমহাল ইজারা বন্দোবস্ত বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০১/১৪২৯

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও সদর উপজেলার ইজারা যোগ্য ০১নং খাস খতিয়ানভুক্ত ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহালসমূহ ইজারার লক্ষ্যে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা ১৪ মার্চ ২০১২ খ্রিস্টাব্দ এ প্রকাশিত প্রজ্ঞাপন এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ শাখা ১০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ এ ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০১(অংশ-১)-৩২ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন মোতাবেক আগামী ০৩ বছর (১৪২৯-১৪৩১) মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে শর্ত সাপেক্ষে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

০২। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে হবে।

০৩। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা **jm.lams.gov.bd** লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড রয়েছে।

০৪। জলমহাল ইজারার জন্য অনলাইনে ১০ থেকে ১৫ ফাল্গুন (২৩ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ) এর মধ্যে আবেদন দাখিল করতে হবে ।

০৫। অনলাইনে দাখিলকৃত আবেদন এবং আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সিলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঠাকুরগাঁও সদর এ ১৬ ফাল্গুন (০১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ) এর পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে দাখিল করা যাবে।

০৬। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে ।

০৭। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে দাখিলকৃত তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে ।

নির্ধারিত জলমহাল ইজারা/বন্দোবস্ত সংক্রান্ত শর্তসমূহ ও অন্যান্য তথ্যাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও **thakurgaonsadar.thakurgaon.gov.bd** এবং **acl.thakurgaonsadar.thakurgaon.gov.bd** ওয়েব ঠিকানা হতে জানা যাবে।

জলমহালের তালিকা:

ক্র. নং	পুকুরের নাম	ইউনিয়ন	মৌজার নাম	দাগ নং	আয়তন	৩ বছরের ইজারার গড় মূল্য	৫% বৃদ্ধিতে সরকারি মূল্য	ইজারা মেয়াদ
০১	সংহারা পুকুর	রুহিয়া	ফরিদপুর	৬০৯	০.২৭	২,৫০০/-	২,৬২৫/-	১৪২৯-১৪৩১
০২	ঢাংগীপুকুর	রুহিয়া	কুশালগাঁও	৪৪৬১	১.৯৯	১,২৫,০০০/-	১,৩১,২৫০/-	১৪২৯-১৪৩১
০৩	চার পুকুর	রুহিয়া	কুজিশহর	২২৯	১.২২	১,৫৩,০০০/-	১,৬০,৬৫০/-	১৪২৯-১৪৩১
০৪	স্বপ্না পুকুর	রুহিয়া	ফরিদপুর	৫১৬	০.৬২	১২,৫০০/-	১৩,১২৫/-	১৪২৯-১৪৩১
০৫	শুখাতী পুকুর	রুহিয়া	ফরিদপুর	৭৬৩	০.২২	১,৫০০/-	১,৫৭৫/-	১৪২৯-১৪৩১
০৬	নয়াদিঘী	রুহিয়া	মন্ডলাদাম	৫৮৭০	১.১৯	১,০৫,০০০/-	১,১০,২৫০/-	১৪২৯-১৪৩১
০৭	জুগিহাড়ী পুকুর	আখানগর	আখানগর	৫১৩৩	১.২৬	৭০,০০০/-	৭৩,৫০০/-	১৪২৯-১৪৩১
০৮	বাঁশগাড়া পুকুর	আখানগর	আখানগর	৬২৩৬	১.৫৫	৬৫,০০০/-	৬৮,২৫০/-	১৪২৯-১৪৩১
০৯	বোচাপুকুর	আখানগর	আখানগর	৬২৪৫	০.৩৩	৭,৮০০/-	৮,১৯০/-	১৪২৯-১৪৩১
১০	কোদালধোয়া পুঃ	আখানগর	আখানগর	৫৫৬৬	০.৩৩	৫৮,০০০/-	৬০,৯০০/-	১৪২৯-১৪৩১
১১	শুকানি পুকুর	আখানগর	আখানগর	৫৮৯৯	০.১৯	-	৪,০০০/-	১৪২৯-১৪৩১
১২	গুনাই দিঘী	আখানগর	আখানগর	৫৫৭৫	০.১৬	-	৭২০/-	১৪২৯-১৪৩১
১৩	ঝলঝলি পুকুর	আখানগর	আখানগর	৬৩০৫	০.৩২	২৯,০০০/-	৩০,৪৫০/-	১৪২৯-১৪৩১
১৪	সিনাকুড়ি পুকুর	বড়গাঁও	আঃ কেশুরবাড়ী	২০০৩	৩.৮৯	২,৮৫,০০০/-	২,৯৯,২৫০/-	১৪২৯-১৪৩১
১৫	কয়েদারী দিঘী	বালিয়া	ছোট বালিয়া	৭৩৫	০.৩০	-	১,৩৫০/-	১৪২৯-১৪৩১
১৬	সারোডুবি পুকুর	বালিয়া	ছোট বালিয়া	২৮১৮	০.১৬	-	৭২০/-	১৪২৯-১৪৩১

১৭	জলেশ্বরী পুকুর	চিলারং	মহাদেবপুর ও পাহাড়ভাঙ্গা	২১৩৫ ২৮০৬	০.৭৭ ০.৯৬	৯২,৫০০/-	৯৭,১২৫/-	১৪২৯-১৪৩১
১৮	চতুরাখোর পুকুর	চিলারং	মহাদেবপুর	১৮৩	১.০৪	১২,০০০/-	১২,৬০০/-	১৪২৯-১৪৩১
১৯	কাচনা পুকুর	চিলারং	পাহাড়ভাঙ্গা	১৬২৭	০.৪৩	৩,৫০০/-	৩,৬৭৫/-	১৪২৯-১৪৩১
২০	কৈমারী পুকুর	রহিমানপুর	হরিহরপুর	১২০	০.৬২	–	৫,২৫০/-	১৪২৯-১৪৩১
২১	লাসু পুকুর	রহিমানপুর	পঞ্চমপুর	৩৭	৩.৩০	২,৫২,৫০০/-	২,৬৫,১২৫/-	১৪২৯-১৪৩১
২২	দাদন পুকুর	রহিমানপুর	হরিহরপুর	৭৭৭	১.০৯	২২,০০০/-	২৩,১০০/-	১৪২৯-১৪৩১
২৩	বুড়া পুকুর	রহিমানপুর	লক্ষিপুর	৩৭০৬	১.৩৫	৬৫,০০০/-	৬৮,২৫০/-	১৪২৯-১৪৩১
২৪	দামদোর পুকুর	রায়পুর	বেংরোল	৫৮৪	০.৩৯	২,৫০০/-	২,৬২৫/-	১৪২৯-১৪৩১
২৫	কাচনা পুকুর	রায়পুর	কাচনা	২৩০৫	০.৩৯	–	৫,২৫০/-	১৪২৯-১৪৩১
২৬	বোচামুনি পুকুর	রায়পুর	রায়পুর	৩৪০৫	০.৫০	–	২,২৫০/-	১৪২৯-১৪৩১
২৭	ঘোড়ামারা পুকুর	রায়পুর	রায়পুর	১৮৭৯	০.১৬	–	২,২৫০/-	১৪২৯-১৪৩১
২৮	পুটিমারী পুকুর	রায়পুর	রায়পুর	১৫৬৪	০.১২	–	৭২০/-	১৪২৯-১৪৩১
২৯	মালি পুকুর	রায়পুর	দেহন	৬৫৩	০.২৮	–	৫৪০/-	১৪২৯-১৪৩১
৩০	সতি পুকুর	রায়পুর	দেহন	৭৯৭	০.৫৩	–	২,৩৮৫/-	১৪২৯-১৪৩১
৩১	চামার দলুয়া পুকুর	রায়পুর	দেহন	২০৬৪	০.৫৭	–	২,৫৬৫/-	১৪২৯-১৪৩১
৩২	নাড়াদিঘী পুকুর	রায়পুর	দেহন	২৬২৭	০.১০	–	৪৫০/-	১৪২৯-১৪৩১
৩৩	হাড়ী পুকুর	রায়পুর	দেহন	১০২৫	০.২৪	৫,৫০০/-	৫,৭৭৫/-	১৪২৯-১৪৩১
৩৪	রনভার পুকুর	রায়পুর	আঃ ফকদনপুর	৪৮০ ৫৪৩	৪.৭৮ ০.০৭	৪,৮০,০০০/-	৫,০৪,০০০/-	১৪২৯-১৪৩১
৩৫	তেতুলিয়া পুকুর	রায়পুর	তেতুলিয়া	২১১৮	০.৫৬	–	২,৫২০/-	১৪২৯-১৪৩১
৩৬	পশ্চিম শিহি পুকুর	রায়পুর	পশ্চিম শিহিপুর	২০৪	০.১৩	–	৫৮৫/-	১৪২৯-১৪৩১
৩৭	কাচনা পুকুর	রায়পুর	দেহন	২৮৬৪	০.০৮	–	৩৬০/-	১৪২৯-১৪৩১
৩৮	ধরিয়া পুকুর	জামালপুর	মহব্বতপুর	১৫০৪	০.৫৬	১১,১০০/-	১১,৬৫৫/-	১৪২৯-১৪৩১
৩৯	টম পুকুর	জামালপুর	মহব্বতপুর	২৬০৪	০.৬৫	–	২,৯২৫/-	১৪২৯-১৪৩১
৪০	মজা পুকুর	জামালপুর	মহব্বতপুর	৬২	০.১৫	–	৬৭৫/-	১৪২৯-১৪৩১
৪১	মহব্বতপুর পুকুর	জামালপুর	মহব্বতপুর	১৫১০	১.০১	৫,১০০/-	৫,৩৫৫/-	১৪২৯-১৪৩১
৪২	ডাঙ্গী পুকুর	জামালপুর	মহেশালী	৪৩৩৫	০.২৬	–	১,১৭০/-	১৪২৯-১৪৩১
৪৩	দেওপুকুর	সালন্দর	দঃ আরাজি কৃষ্ণপুর	৩৩	১.২২	১,৪৫,০০০/-	১,৫২,২৫০/-	১৪২৯-১৪৩১
৪৪	বুড়াদিঘী	গড়েয়া	গড়েয়া গোপালপুর	৫৯৭৯ ৫৯৮২	২.০২ ০.৮৬	১,৬৭,৫০০/-	১,৭৫,৩৫০/-	১৪২৯-১৪৩১
৪৫	সিংনাথ পুকুর	রাজাগাঁও	দক্ষিন রাজাগাঁও	৩৫৬৩	১.০৬	২১,৫০০/-	২২,৫৭৫/-	১৪২৯-১৪৩১
৪৬	হাগুরী পুকুর	রাজাগাঁও	দক্ষিন রাজাগাঁও	৩৭৫৯/৪৫১৩	০.১২	১,২৫০/-	১,৩১৩/-	১৪২৯-১৪৩১
৪৭	চেন্টি পুকুর	রাজাগাঁও	দঃ রাজাগাঁও	৬৫৬৬	০.২৭	৮,৮৭৫/-	৯,৩১৯/-	১৪২৯-১৪৩১
৪৮	মলিখা পুকুর	রাজাগাঁও	দঃ রাজাগাঁও	৪০২১	০.১৬	–	৭২০/-	১৪২৯-১৪৩১
৪৯	সিঙ্গারীপুকুর	দেবীপুর	কালেশ্বরগাঁও	১০০২	০.৪৬	৫,০০০/-	৫,২৫০/-	১৪২৯-১৪৩১
৫০	মুজাবর্নী উত্তর দোলুয়া পুকুর	দেবীপুর	মুজাবর্নী	৪১০৪	০.৯৯	১৭,০০০/-	১৭,৮৫০/-	১৪২৯-১৪৩১
৫১	মুজাবর্নী উত্তরপাড়া পুকুর	দেবীপুর	কালেশ্বরগাঁও	৪৭৬৭	০.৬২	১,৭৫০/-	১,৮৩৮/-	১৪২৯-১৪৩১
৫২	তিশিলিয়া পুকুর	দেবীপুর	মোলানী	১০৮০	১.০৭	১,৬২,৫০০/-	১,৭০,৬২৫/-	১৪২৯-১৪৩১
৫৩	চেন্টিখুড়া পুকুর	দেবীপুর	মোলানী	৫০২	১.৯৭	১,১৭,৫০০/-	১,২৩,৩৭৫/-	১৪২৯-১৪৩১
৫৪	কৈমারী পুকুর	দেবীপুর	কালেশ্বরগাঁও	৪৯৮	০.২২	১২,৫০০/-	১৩,১২৫/-	১৪২৯-১৪৩১
৫৫	সেবাই চন্ডিপুকুর	দেবীপুর	শ্যামগাঁও	৫৬১	০.১৬	১,০০০/-	১,০৫০/-	১৪২৯-১৪৩১
৫৬	উত্তর বোচা পুকুর	নারগুন	উত্তর বোচা পুকুর	১৭৩৭ ১৭৪০	১.০৫ ১.০২	২,৪৮,০০০/-	২,৬০,৪০০/-	১৪২৯-১৪৩১
৫৭	ঢাঙ্গীপুকুর	জগন্নাথপুর	জগন্নাথপুর	৫৭৭১	৩.৭৪	১,১০,০০০/-	১,১৫,৫০০/-	১৪২৯-১৪৩১
৫৮	ভোপলা পুকুর	বেগুনবাড়ী	ভোপলা	৯৮৯	০.১৬	–	৭২০/-	১৪২৯-১৪৩১
৫৯	দলুয়া পুকুর	বেগুনবাড়ী	বান্দিগড়	৩৮৪৮	০.৫৬	৮৬,০০০/-	৯০,৩০০/-	১৪২৯-১৪৩১

৬০	শিংনাথ পুকুর	বেগুনবাড়ী	ভোপলা	১৭৭৯	০.১৮	-	৮১০/-	১৪২৯-১৪৩১
৬১	ভেলাকুড়ি পুকুর	বেগুনবাড়ী	পশ্চিম বেগুনবাড়ী	২৯৪২	০.৪৯	২,৫০০/-	২,৬২৫/-	১৪২৯-১৪৩১
৬২	নারুয়া পুকুর	বেগুনবাড়ী	সৈয়দপুর	১৭৮১	০.৪৩	২,০০০/-	২,১০০/-	১৪২৯-১৪৩১
৬৩	চাকধা পুকুর	বেগুনবাড়ী	বান্দিগড়	৬৮৬	০.৯৫	১১,০১৫/-	১১,৫৬৬/-	১৪২৯-১৪৩১
৬৪	ডেরকা পুকুর	বেগুনবাড়ী	বান্দিগড়	১৯১৭	০.৮৩	৬১,৫০০/-	৬৪,৫৭৫/-	১৪২৯-১৪৩১
৬৫	মানিকাই পুকুর	বেগুনবাড়ী	বান্দিগড়	৫৭৮	১.১০	২৩,৬৩০/-	২৪,৮১২/-	১৪২৯-১৪৩১
৬৬	কোকাহার পুকুর	বেগুনবাড়ী	পশ্চিম বেগুনবাড়ী	২৮৬০	৫.১২	৪,০০,০০০/-	৪,২০,০০০/-	১৪২৯-১৪৩১
৬৭	ঘুরনগাছ পুকুর	রুহিয়া	কুজিশহর	১০১৫	০.৫৬	৭৬,০০০/-	৭৯,৮০০/-	১৪২৯-১৪৩১
৬৮	মরা পুকুর	জামালপুর	বিশ্বাসপুর	২০	০.৭৫	১৭,৫০০/-	১৮,৩৭৫/-	১৪২৯-১৪৩১
৬৯	নারুচারু	রাজাগাঁও	চাপাতি	৮২২	০.৩০	১,২৭,৫০০/-	১,৩৩,৮৭৫/-	১৪২৯-১৪৩১
৭০	জয়পুরা পুকুর	রাজাগাঁও	রাজারামপুর	২৮৩	১.৪৩	১,০৫,০০০/-	১,১০,২৫০/-	১৪২৯-১৪৩১
৭১	যুগী পুকুর	রাজাগাঁও	দক্ষিণ রাজাগাঁও	৬৮৭	১.৪৮	৯০,০০০/-	৯৪,৫০০/-	১৪২৯-১৪৩১
৭২	চরণখোলা	বালিয়া	কুমারপুর	১৩৯	০.৭৭	৫০,০০০/-	৫২,৫০০/-	১৪২৯-১৪৩১
৭৩	সাপটি পুকুর	বালিয়া	কুমার পুর	২২০৭	১.৬৯	১,৩১,৫০০/-	১,৩৮,০৭৫/-	১৪২৯-১৪৩১
৭৪	বিন্দিকাটা	সালন্দর	শিংপাড়া	৬১৭	১.৬৫	১,৫০,০০০/-	১,৫৭,৫০০/-	১৪২৯-১৪৩১
৭৫	কমলা পুকুর	রাজাগাঁও	দক্ষিণ রাজাগাঁও	৫৬৮৬	১.৬৭	২৭,০০০/-	২৮,৩৫০/-	১৪২৯-১৪৩১
৭৬	মসজিদ পুকুর	রাজাগাঁও	দক্ষিণ রাজাগাঁও	১৭৬৯	০.৯৬	৩৬,৮০০/-	৩৮,৬৪০/-	১৪২৯-১৪৩১
৭৭	মুজাবর্ণী দোলুয়া	দেবীপুর	মুজাবর্ণী	২৩৫০	০.৬৬	২২,৫০০/-	২৩,৬২৫/-	১৪২৯-১৪৩১
৭৮	ঘড়াচড়া পুকুর	জগন্নাথপুর	সিঙ্গিয়া	২৪১৯	০.৮৯	১,০০,০০০/-	১,০৫,০০০/-	১৪২৯-১৪৩১

শর্তাবলী :

০১। নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রনালয়ের ওয়েব সাইটে অথবা **jm.lams.gov.bd** লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে ১০ থেকে ১৫ ফাল্গুন (২৩ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ) এর মধ্যে আবেদন দাখিল করতে হবে ।

২। দাখিলকৃত আবেদনে প্রার্থীত জলমহাল/পুকুরের বিগত ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্য অপেক্ষা ৫% বর্ধিত না হলে আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না।

৩। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎসজীবীদের সমিতি/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল/পুকুর ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে।

৪। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎসজীবী সমবায় সমিতি/সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ), নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একইসাথে তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি জলমহাল/পুকুর ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৫। প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল/পুকুর ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন।

৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি জলমহাল/পুকুর বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃপক্ষ প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সংগে দাখিল করতে হবে এবং সাথে বিগত ২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন সমিতির জন্য অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

৭। যদি সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তা হলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/জেলা মৎস্যজীবী সংগঠন/সমিতি/জলমহাল/পুকুর বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

৮। লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল/পুকুর কোন অবস্থাতেই সাব-লীজ অথবা কোন ব্যক্তি/গোষ্ঠিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকেন তা হলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহিতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল/পুকুর বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

৯। দরদাতাকে জলমহাল ইজারায় অংশগ্রহনের পূর্বে জলমহাল/(পুকুর) সরেজমিনে দেখে নিশ্চিৎ হয়ে জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে হবে।

১০। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন ০২ (দুই) টির অধিক জলমহাল/পুকুর ইজারা পাবে না।

১১। উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের প্রস্তাবিত ইজারা মূল্যের ২০% "সভাপতি, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ঠাকুরগাঁও সদর" এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২। ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর লীজমানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১৩। সরকারি জলমহাল/পুকুর ব্যবস্থাপনা নীতি'২০০৯ এর বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১৪। মৎস্যজীবী সংগঠন ও সমিতি-কে ০৩ (তিন) বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষে সংশ্লিষ্ট জলমহাল/পুকুরের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনার রূপরেখা সংযুক্ত করতে হবে।

১৫। যে সকল সমিতি পূর্বের ইজারা মূল্য পরিশোধ করেন নাই বা জামানতের টাকা বাজেয়াপ্ত করা হয়েছে, ঐ সকল সমিতি ০৩ (তিন) বছর জলমহাল/পুকুর ইজারায় অংশগ্রহণ করতে পারবেন না। আবেদন করলে জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৬। ভূমি মন্ত্রনালয়ের সায়রাত-১ শাখা কর্তৃক ১৪/০৩/২০১২ খ্রিঃ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের ভিত্তিতে ২০.০০ একর পর্যন্ত জলমহাল/পুকুর ইজারা প্রদানের জন্য কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরনে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চার পার্শ্বে নিকটবর্তী অবস্থানে বসবাসরত নিম্নে বর্ণিত ব্যক্তি গণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/পুকুর ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। ক) বেকার যুবক; খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান; গ) যুব মহিলা ; ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্ত ; ঙ) আনছার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য; চ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তি। তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি ঐ সমিতির সদস্য হতে পারবেন না। পুকুর/জলমহাল ইজারা প্রদানের ক্ষেত্রে একর প্রতি বার্ষিক ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা হারে ইজারা মূল্য নির্ধারিত হবে এবং সরকার সময়ে সময়ে আদেশ দ্বারা এ হার পুনঃনির্ধারণ করতে পারবেন।

১৭। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১৪/২/২২

(আবু তাহের মোঃ সামসুজ্জামান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও

স্মারক নম্বর: ০৫.৫৫.৯৪৯৪.০০০.১৫.০০১.২০২২- ৬০৯/(১৬)

তারিখ: ০১ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি, ২০২২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:- (জ্যেষ্টতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় সংসদ সদস্য-৩, ঠাকুরগাঁও-১
০২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
০৩। পুলিশ সুপার, ঠাকুরগাঁও
০৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, ঠাকুরগাঁও।
০৫। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রনালয় (সচিব, ভূমি মন্ত্রনালয় এঁর সদয় অবগতির জন্য)
০৬। মেয়র, ঠাকুরগাঁও পৌরসভা, ঠাকুরগাঁও
০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
০৮। উপজেলা নির্বাহী অফিসার, রানীশংকৈল/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/হরিপুর, ঠাকুরগাঁও
০৯। কমিশনারের একান্ত সচিব, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর (বিভাগীয় কমিশনার, রংপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সহকারী কমিশনার (ভূমি), রানীশংকৈল/পীরগঞ্জ/বালিয়াডাঙ্গী/হরিপুর, ঠাকুরগাঁও
১১। উপজেলা..অফিসার (সকল), ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও
১২। সম্পাদক, দৈনিক ....। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ০১(এক) দিন স্বল্প পরিসরে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো
১৩। চেয়ারম্যান..ইউনিয়ন পরিষদ (সকল); ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..ইউনিয়ন ভূমি অফিস, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও। তাকে তার এলাকায় হাট-বাজারে মাইক/ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৫। জনাব..
১৬। অফিস কপি

১৪/০২/২০২২

(শাহরিয়ার রহমান)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও